দৈনিক ইত্তেফাক

তারিখ 24 MAR 1994
পৃষ্ঠা ১ কলাম ৫

141

## ১৬ই এপ্রিল হইতে বেসরকারী শিক্ষক-কর্মচারীদের অবিরাম ধর্মঘট

বাংলাদেশ শিক্ষক সমিতি শিক্ষক কর্মচারীদের চাকুরী জাতীয়করণ ও শিক্ষা প্রতিষ্ঠানের অন্যান্য সমস্যা দূরীকরণের দাবীতে আগামী ১৬ই এপ্রিল (শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

### ১৬ই এপ্রিল হইতে

( ১ম পৃঃ পর )

হইতে অবিরাম ধর্মঘট পালনের কর্মসূচী ঘোষণা করিয়াছে। ইহার পূর্বে ২৮শে মার্চ শিক্ষক কর্মচারীদের প্রতীক ধর্মঘট পালিত হইবে। গতকাল (বুধবার) শিক্ষক সমিতির সভাপতি এসএম আশরাফ আলী ও মহাসচিব নজরুল ইসলাম স্বাক্ষরিত এক যুক্ত বিবৃতিতে এই কর্মসূচী ঘোষণা করা হয়। কর্মসূচীর মধ্যে আরও রহিয়াছে: ৩১শে মার্চ দেশব্যাপী থানা পর্যায়ে শিক্ষক কর্মচারী সমাবেশ ও টিএনওর নিকট স্মারকলিপি পেশ, ৭ই এপ্রিল জেলা পর্যায়ে শিক্ষক কর্মচারী সমাবেশ ও ডিসিকে স্মারকলিপি পেশ এবং ৯ হইতে ১৪ই এপ্রিল গণসংযোগ। বিবৃতিতে তাহারা সমিতির কর্মসূচী সফল করার জন্য সকল শিক্ষক কর্মচারীর প্রতি আহ্বান জানান।